

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৫১

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ পরিপূর্ণভাবে ওয়ৃ করার নিয়ত করার সাথে সাথে হাতের আঙ্গুলসমূহের মাঝে খেলাল করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِتَخْلِيلِ الْأَصَابِعِ لِلْمُتَوَضِّعِ مَعَ الْقَصْدِ فِي إِسْبَاغِ الْوُضُوءِ

আরবী

1051 _ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا سُرَيْجُ بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سُلَيْمٍ عَنْ إِسْمَاعِيلَ بْنِ كَثِيرٍ عَنْ عَاصِمٍ بْنِ لَقِيطِ بْنِ صَبِرَةَ عَنْ أَبِيهِ قَالَ: كُنْتُ وَافِدَ بَنِي الْمُنْتَفِقِ إِلَى رَسُولِ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَدِمْنَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَدِمْنَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم فلم نصادفه فِي مَنْزِلِهِ وصادَفْنا عَائِشَةَ فَأَمَرَتْ لَنَا بخزيرة فصُنعت وأُتينا بِقِنَاعٍ _ وَالْقِنَاعُ الطَّبَقُ فِيهِ التَّمْرُ _ فَأَكُلْنَا فَجَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جُلُوسٌ إِذْ رَفَعَ الرَّاعِي غَنَمَهُ إِلَى الْمُرَاحِ وَمَعَهُ سَخْلَةٌ تَيْعَرُ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جُلُوسٌ إِذْ رَفَعَ الرَّاعِي غَنَمَهُ إِلَى الْمُرَاحِ مَكَانَهَا شَاةً) ثُمَّ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ جُلُوسٌ إِذْ رَفَعَ الرَّاعِي غَنَمَهُ إِلَى الْمُرَاحِ وَمَعَهُ سَخْلُةٌ تَيْعَرُ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَا وَالَاثَةُ عَلَيْهِ وَسَلَّمَ ذَا وَلَوْتَ؟) قَالَ: بَهْمَةٌ قَالَ: (اذْبَحُ مَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جُلُوسٌ إِذْ رَفَعَ الرَّاعِي غَنَمَهُ إِلَى الْمُرَاحِ مَتَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ ذَا وَلَوْتَ؟) قَالَ: بَهْمَةٌ قَالَ: (اذْبَحُ

(لَا تَحْسِبَنَّ _ وَلَمْ يَقُلْ لَا تَحْسَبَنَّ _ أَنَّا مِنْ أَجلِكَ ذَبَحْنَاهَا إِنَّ لَنَا غَنَمًا مئة لَا تَزِيدُ فَمَا وَلَدَتْ بَهْمَةً ذَبَحْنَا مَكَانَهَا شَاةً) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ لِيَ امْرَأَةً فِي لِسَانِهَا شَيْءٌ وَلَدَّ بَهْمَةً ذَبَحْنَا مَكَانَهَا شَاةً) قَالَ: (عَظْهَا قَالَ: (عَظْهَا قَالَ: (غَطْهَا قَالَ: (غَطْهَا قَالَ: (غَطْهَا قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ لِي مِنْهَا وَلَدًا وَلَهَا صَحُحْبَةً قَالَ: (عِظْهَا فَإِنْ يَكُ فِيهَا خَيْرٌ فَسَتَقْبَلُ وَلَا تَضْرُبْ ظَعِينَتَكَ ضَرْبَكَ أَمَتَك) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَنْ يَكُ فِيهَا خَيْرٌ فَسَتَقْبَلُ وَلَا تَضْرُبْ ظَعِينَتَكَ ضَرْبَكَ أَمَتَك) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَنْ يَكُ فِيهَا خَيْرٌ فَسَتَقْبَلُ وَلَا تَضْرُبْ ظَعِينَتَكَ ضَرْبَكَ أَمَتَك) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَنْ يَكُ فِيهَا خَيْرٌ فَسَتَقْبَلُ وَلَا تَضْرُبْ طَعِينَتَكَ ضَرْبَكَ أَمْتَك) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَنْ يَكُ فِيهَا خَيْرٌ فَسَتَقْبَلُ وَلَا تَضْرُبُ طَعِينَتَكَ صَرْبُكَ أَمْتَك وَبَالِغْ فِي الِاسْتِنْشَاقِ إِلَّا أَنْ تَكُونَ صَائِمًا)

الراوي: لَقِيط بْن صَبِرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1051 | خلاصة حكم المحدث: صحيح.



বাংলা

১০৫১. লাকীত বিন সাবিরাহ রাদ্মিয়াল্লছ আনহ থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি বানু আল মুনফাক গোত্রের প্রতিনিধি দল হিসেবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসি। কিন্তু আমরা তাকে তাঁর বাড়িতে পাইনি, আমরা বাড়িতে আয়িশা রাদ্মিয়াল্লাহু আনহাকে পেলাম। তিনি আমাদের জন্য খাযারাহ (হালুয়া জাতীয় খাবার যাতে গোশত টুকরো টুকরো করে বেশি পরিমাণে পানি ও লবন দিয়ে পাকানো হয়, যখন তা পরিপক্ক হয়, তখন তাতে আটা দেওয়া হয় ভালভাবে তা মিশ্রিত করা হয়, তারপর তাতে যে কোন তরকারী দেওয়া হয়) প্রস্তুত করার নির্দেশ দিলেন, অতঃপর খাবার প্রস্তুত করা হলো এবং তিনি আমাদের কাছে এক গামলা খেজুর নিয়ে আসলেন। আমরা তা খেলাম। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আসলেন, এবং বললেন, "তোমরা কি কিছু খেতে পেয়েছো, নাকি আমি তোমাদের জন্য কোন কিছু ব্যবস্থা করার নির্দেশ দিবো?" আমরা বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, জ্বী, হয়াঁ (আমরা খেয়েছি)। এভাবে আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, জ্বী, হয়াঁ (আমরা খেয়েছি)। এভাবে আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে বসে আছি, এমন সময় রাখাল তার মেষপাল নিয়ে খোয়ারের দিকে যাচ্ছিল, তার সাথে একটি মেষশাবক ছিল, যে আওয়াজ করছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "কী বাচ্চা প্রসব করেছে?" সে জবাবে বললো, "মেষশাবক" তিনি বলেন, "তবে তার পরিবর্তে একটি মেষ জবেহ করো।" তারপর তিনি আমার মুখোমুখী হন এবং বলেন, "তুমি মনে করো না যে, তোমার কারণে এটি আমরা জবেহ করেছি। বস্তুত আমাদের একশটি উট আছে, যা এর চেয়ে বেশি হয় না; যখনই কোন মেষ বাচ্চা প্রসব করে, তখনই আমরা তার স্থলে আরেকটি মেষ জবাই করি।"

রাবী বলেন, "আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার একজন স্ত্রী আছে, যার জবান একটু কড়া।" জবাবে তিনি বলেন, "তাহলে তুমি তাকে তালাক দিয়ে দাও।" রাবী বলেন, "আমি বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তার গর্ভজাত আমার সন্তান রয়েছে আর সে আমার দীর্ঘ দিনের সঙ্গী।" জবাবে তিনি বলেন, "তুমি তাকে উপদেশ দাও। যদি তার মাঝে কোন কল্যাণ থাকে, তবে অচিরেই তা গ্রহণ করবে। আর তুমি তোমার স্ত্রীকে দাসীর মতো প্রহার করবে না।" রাবী বলেন, "আমি বললাম, হে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে ওয়ু সম্পর্কে বলুন।" জবাবে তিনি বলেন, "তুমি পরিপূর্ণভাবে ওয়ু করবে, তোমার আঙ্গুলসমূহের মাঝে খিলাল করবে, ভালভাবে নাকে পানি দিবে, তবে যদি তুমি সিয়াম পালনকারী হও (তাহলে ভিন্ন কথা)।"[1]

ফুটনোট

[1] মুসনাদু ইমাম শাফি'ঈ: ১/৩০, ৩১; বাগাবী, শারহুস সুন্নাহ: ২১৩; সুনান বাইহাকী: ৭/৩০৩; মুসনাদ আহমাদ: ৪/২১১; দারেমী: ১/১৭৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৮০; তাবারানী: ১৯/২১৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১১; ইবনু মাজাহ: ৪০৭; আবূ দাউদ: ২৩৬৬; তিরমিযী: ৭৮৮; নাসাঈ: ১/৬৬; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০; আত তায়ালিসী: ১/৫২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে উৎকৃষ্ট বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৩০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ লাকিত্ব ইবনু সাবরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন